নির্বাচন কমিশন কার্যালয়
শাকসু ও হল সংসদ নির্বাচন ২০২৫
আইআইসিটি ভবন, শাবিপ্রবি, সিলেট

শাকসু ২০২৫ নির্বাচন

# বিজ্ঞপ্তি

আজ ২০ জানুয়ারি ২০২৬ মঙ্গলবার শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ছাত্র সংসদ (শাকসু) ও হল সংসদ নির্বাচন অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। শাকসু নির্বাচন কমিশন বিশ্ববিদ্যালয় প্রশাসনের সহযোগিতায় নির্বাচন আয়োজনে সব ধরনের প্রস্তুতি গ্রহণ করেছিল। কিন্তু গত ১৯ জানুয়ারি ২০২৬ সোমবার মাননীয় হাইকোর্ট একটি রিটের প্রেক্ষিতে শাকসু ও হল সংসদ নির্বাচন ২০২৫ চার সপ্তাহের জন্য স্থগিত করে। পরবর্তীতে মাননীয় চেম্বার জজ আদালতে হাইকোর্টের রায় পুনর্বিবেচনার জন্য আবেদন করা হয়, যা আদালতে প্রক্রিয়াধীন রয়েছে। এরই প্রেক্ষিতে সব ধরনের প্রস্তুতি থাকা সত্ত্বেও আজ ২০ জানুয়ারী ২০২৬ শাকসু ও হল সংসদ নির্বাচন আয়োজন করা সম্ভব হয়নি।

মাননীয় আদালতের সিদ্ধান্ত ও শাকসু গঠনতন্ত্র অনুযায়ী মাননীয় উপাচার্য মহোদয় কর্তৃক ঘোষিত তারিখে শাকসু নির্বাচন কমিশন শাকসু ও হল সংসদ নির্বাচন আয়োজনের পরবর্তী পদক্ষেপ গ্রহণ করবে।

ধন্যবাদান্তে,

20/01/2026

ড. আবুল মুকিত মোহাম্মদ মোকাদ্দেছ
প্রধান নির্বাচন কমিশনার